বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ

# ১০-০৬-২০২৪ তারিখে অংশীজনের সাথে বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী (সংশোধিত)।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমান উল্লাহ বাহার<br>উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) |
| সভার তারিখ | **১০ জুন, ২০২৪** |
| সভার সময় | **সকাল ১১.৩০ ঘটিকা** |
| স্থান | মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল |
| উপস্থিতি | অংশীজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য (তালিকা সংযুক্ত)। |

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২৩-২৪ অনুযায়ী বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি কর্তৃক অংশীজনের অংশগ্রহণ বিষয়ক সভা ১০-০৬-২০২৩ তারিখ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় প্রধান কার্যালয়ের মিটিং রুমে অনুষ্ঠিত হয়। সভায় অংশীজন হিসেবে কোম্পানি থেকে অবসর গ্রহণকারী ও অবসরোত্তর ছুটিতে থাকা প্রাক্তন কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করেন। এছাড়া, কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক (কম্প্রেসর এন্ড জেনারেটর), মহাব্যবস্থাপক (মেইনটেন্যান্স), মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) ও মহাব্যবস্থাপক (অপারেশন) মহোদয় সভায় অংশগ্রহণ করেন। সভার সভাপতিত্ব করেন সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির আহবায়ক জনাব মোঃ আমান উল্লাহ বাহার, উপমহাব্যবস্থাপক (আইসিটি)। উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচনা শুরু করেন। অবসর গ্রহণকারী ও অবসরোউত্তর ছুটিতে থাকা কর্মকর্তা/কর্মচারীগণ এবং ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকগণ কর্তৃক সভায় প্রাক্তন কর্মকর্তা/কর্মচারীগণের কোম্পানিতে প্রাপ্ত ও প্রত্যাশিত সেবার বিষয়ে নিম্নোক্ত আলোচনা হয়:

১.০ আলোচনা:

১.১। সভার শুরুতে কমিটির সদস্য-সচিব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২৩-২৪ অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নির্দেশিকার অনুচ্ছেদ-২.২ অনুযায়ী অংশীজনের সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা করেন। সভায় সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। মহাব্যবস্থাপক (কম্প্রেসর এন্ড জেনারেটর) সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করার জন্য কমিটির আহবায়ক ও সভাপতিকে অনুরোধ করেন। সভাপতি উল্লেখ করেন যে, কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মধ্যেও সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত আছে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তাদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেবা প্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সাথে অংশীজনের অবহিতকরণ সভা এর গুরুত্ব অপরিসীম।

১.২। সভায় অবসরোউত্তর ছুটিতে থাকা/প্রাক্তন কর্মকর্তা/কর্মচারীদের কোম্পানিতে প্রাপ্ত আর্থিক ও অন্যান্য সমস্যাদির বিষয়ে অংশীজনদের কে আলোচনার আহবান করা হলে জনাব মোঃ হাদীউল হক, প্রাক্তন ব্যবস্থাপক নিজ কোম্পানির মানসম্মত সেবা বিদায়ী কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি অব্যাহত থাকায় সন্তোষ প্রকাশ করেন। তবে, ঢাকা লিয়াজোঁ অফিসে গিয়ে সৌজন্যতায় কিছুটা ঘাটতি পেয়েছেন মর্মে তিনি সভায় অভিমত প্রকাশ করেন। জনাব এ বি এম কামরুজ্জামান, প্রাক্তন ব্যবস্থাপক কোম্পানির আর্থিক বিষয়াদি সংশ্লিষ্ট অবসরোত্তর সেবা প্রসংশনীয় হিসেবে উল্লেখ করেন। তিনি প্রয়োজনীয় ক্ষেত্রে দূর-দূরান্ত থেকে কোম্পানিতে আসা কর্মকর্তা ও কর্মচারীদের জন্য Waiting Room এর ব্যবস্থা করার প্রত্যাশা ব্যক্ত করেন। জনাব মোঃ এরফানুল হক, প্রাক্তন ব্যবস্থাপক অব্যাহত মানসম্মত সেবার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে অবসরোত্তর বিভিন্ন বিষয়ে তথ্যগত যোগাযোগের জন্য সুনির্দিষ্ট পয়েন্ট নির্ধারণ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। তিনি আরো উল্লেখ করেন, নতুন যোগদানকৃত নিরাপত্তা কর্মীরা

অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ কে চিনতে না পারায় অনেক সময় বিব্রত পরিস্থিতির সম্মুখীন হতে হয়। এ বিষয়ে কার্যকর প্রদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করেন। জনাব মোঃ জাহিদ হোসেন, প্রাক্তন ব্যবস্থাপক আর্থিক কিছু বিষয়ে নিজ প্রত্যাশা ব্যক্ত করেন। তিনি প্রদত্ত চেকসমূহ একাউন্ট পেয়ি হয় বিধায় সরাসরি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যাংক হিসাবে জমা প্রদান, প্রাপ্য অর্থ ঈদ সময়ে পরিশোধের ব্যবস্থা গ্রহণ প্রভৃতি বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। জনাব মাহবুব-উল-আলম, প্রাক্তন মহাব্যবস্থাপক বলেন যে, কোম্পানিতে চাকুরীকালীন এবং অবসরকালীন অনুভূতি নিশ্চয়ই ভিন্ন। তবে, বিজিএফসিএল উন্নত সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ এবং এটি অব্যাহত আছে ও থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণের বিভিন্ন আর্থিক প্রাপ্যতা, সেগুলোর জন্য তাদের অফিসিয়াল প্রসেসিং ও গাইডলাইন এবং কোম্পানিতে সশরিরে উপস্থিতির ক্ষেত্রে তথ্য ও যোগাযোগের ফোকাল পয়েন্ট হিসেবে কোন কর্মকর্তাকে নিয়োজিত করা যেতে পারে মর্মে তিনি মতামত ও পরামর্শ প্রদান করেন। মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) মহোদয় কোম্পানির প্রধান কার্যালয়ের কোন এক স্থানে একটি হেল্প ডেস্ক স্থাপন এবং কোম্পানির ওয়েব সাইটে যোগাযোগ ফোল্ডারের সাথে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের একটি লিংক স্থাপন করার বিষয়ে মতামত প্রদান করেন। প্রাক্তন কর্মকর্তাগণের আলোচনা ও প্রত্যাশাসমূহ অবহিতপূর্বক প্রাক্তন কর্মকর্তা ও কর্মচারীগণের কোম্পানিতেপ্রয়োজনীয় ক্ষেত্রে দূর-দূরান্ত থেকে কোম্পানিতেএসে রিফ্রেশ হওয়ার জন্য প্রধান কার্যালয়ে Waiting Room লিখিত ফলকসহ একটি রুম বরাদ্দ করা এবং একটি হেল্পডেস্ক স্থাপন করার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এবং মহাব্যবস্থাপক মহোদয়গণ একমত প্রকাশ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত :

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিজিএফসিএল এর কর্মকান্ডকে আরো গতিশীল করাসহ অংশীজনের সভায় গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

প্রাক্তন কর্মকর্তা ও কর্মচারীগণের কোম্পানিতেপ্রয়োজনীয় ক্ষেত্রে দূর-দূরান্ত থেকে কোম্পানিতেএসে রিফ্রেশ হওয়ার জন্য প্রধান কার্যালয়ে Waiting Room লিখিত ফলকসহ একটি রুম বরাদ্দ করা;

অবসরোত্তর ছুটিতে থাকা কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য ক্ষেত্রে সেবা প্রদান বিষয়ে প্রধান কার্যালয়ে হেল্প ডেস্ক স্থাপন এবং উক্ত ডেস্কে একজন সহকারী ব্যবস্থাপক/উপব্যবস্থাপক পদের কর্মকর্তাকে ‘কল্যাণ কর্মকর্তা’ হিসেবে নিয়োজিতকরণ;

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০-০৬-২০২৪
মোঃ আমান উল্লাহ বাহার
উপ-মহাব্যবস্থাপক (আইসিটি)

তারিখ: ৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৩৪৭.৩৪.০০১.২৪.২

## বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
২। মহাব্যবস্থাপক (কম্প্রেসর এন্ড জেনারেটর), কম্প্রেসর ও জেনারেটর ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৩। প্রাক্তন মহাব্যবস্থাপক(টিএস), বিজিএফসিএল;
৪। মহাব্যবস্থাপক (মেইনটেন্যান্স এন্ড আইসিটি), মেইনটেন্যান্স এন্ড আইসিটি ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৫। মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব ডিভিশন , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৬। মহাব্যবস্থাপক (অপারেশন) (চলতি দায়িত্ব), অপারেশন ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৭। উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৮। উপ-মহাব্যবস্থাপক (ফান্ড), ফান্ড বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৯। ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং), রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
১০। প্রাক্তন ব্যবস্থাপক(রিপোর্টিং), বিজিএফসিএল;
১১। ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
১২। প্রাক্তন ব্যবস্থাপক(ফিল্ড মেইনটেন্যান্স),তিতাস, বিজিএফসিএল;
১৩। প্রাক্তন ব্যবস্থাপক,পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, বিজিএফসিএল;
১৪। ব্যবস্থাপক (অপারেশন), অপারেশন ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
১৫। উপব্যবস্থাপক (প্রজেক্ট অডিট), প্রজেক্ট অডিট শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;

১৬। সহকারী ব্যবস্থাপক, বৈদেশিক সংগ্রহ শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং

১৭। প্রাক্তন ব্যবস্থাপক(প্রসেস ইন্জিনিয়ারিং), বিজিএফসিএল।

২০-০৬-২০২৪
মোঃ আমান উল্লাহ বাহার
উপ-মহাব্যবস্থাপক (আইসিটি)